

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মসূচীর কার্যালয়
ঝিকরগাছা, যশোর।

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি,

জনাব ডুপালী সরকার

উপজেলা নির্বাহী অফিসার, ঝিকরগাছা, যশোর।

সভার তারিখ-১১/০৯/২০১৪ সময়- ১১-০০ টা

সভায় উপস্থিত সদস্য বৃন্দের স্বাক্ষর পরিশিষ্ট ক

অধ্যাক্ষর সভায় সভাপতি সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার সময় সভাপতি উপস্থিত সদস্যদের আলোচ্য বিষয় সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করেন। সদস্য সচিব উপজেলা মহিলা বিষয়ক কর্মসূচীর অনিষ্ঠা মন্ত্রিক সভার প্রধান মহিলা বিষয়ক অধিদপ্তরের মাধ্যমে অত্র উপজেলায় ১৮৮৪ জন নারীকে ভিডাট্রিউবি কর্মসূচীর আওতায় ৩০০কজি করে ২ কসের গাল্য সহায়তা দেয় সরকার। এ ছাড়া মা ও শিশু সহায়তা কর্মসূচীর আওতায় প্রতি ইউনিয়নে মাসিক ৫টি করে এবং পৌরসভায় মাসিক ৯টি করে দরিদ্র পর্জনী নারীকে অনলাইনে আবেদন এর মাধ্যমে ভাতা কর্মসূচী আসে। তারা মাসিক ৮০০/টাকা করে ৩ কসের এই কর্মসূচীর আওতায় ভাতা পাওয়ানারী নির্যাতন ও বাল্য বিবাহ রোধে সচেতনতা মূলক উঠান বৈঠক করা হয়। প্রতি মাসে অত্র কার্যালয়ের উপকার ভোগীদের নিয়ে এই উঠান বৈঠক করা হয়। অত্র কার্যালয়ের মাধ্যমে শিশু কিশোরদের সুনামগরিক হিসাবে গড়ে তোলার লক্ষ্যে কিশোর কিশোরী ক্লাব পরিচালিত হচ্ছে। ২০ জন বালিকা ও ২০ জন বালক নিয়ে এই ক্লাব পরিচালিত হচ্ছে। অত্র উপজেলায় মোট ১২টি ক্লাবে ৩৬০ জন সদস্য আছে। সপ্তাহে দুইদিন এই ক্লাবে তাদের আবৃত্তি সংগীত ও জীবন দক্ষতা বাড়ানোর জন্য প্রশিক্ষণ দেয়া হয়। এ ছাড়া নারীদের পারিবারিক সহিংসতা প্রতিরোধে স্থানীয় ভাবে অভিযোগ নিয়ে তাদের স্থানীয় মাধ্যমে অভিযোগ মীমাংসার চেষ্টা করা হয়। মহিলা বিষয়ক অধিদপ্তর নারীর অধিকার, স্বাধীনতা, নারী নির্যাতন প্রতিরোধ ও ক্ষমতায়নের জন্য নিরবচ্ছিন্ন ভাবে কাজ করে যাচ্ছে। তথ্য সেবা কর্মসূচী সভায় বলেন সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় চাহিদার তুলনায় বরাদ্দ কম থাকায় সকল নারীকে এই সেবার আওতায় আনা সম্ভব হয়না। চেয়ারম্যান গদখালী বলেন এছাড়া আমাদের নারীদের উন্নয়নের জন্য একটা বড় অগ্রসার হলো বাল্য বিবাহ। বাল্য বিবাহে বন্ধে আমাদের সকলকে একযোগে কাজ করতে হবে।

সভায় সদস্যদের মাঝে বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত হয়।

১। বাল্যবিবাহ প্রতিরোধ ও নারী নির্যাতন প্রতিরোধে ইউনিয়ন কমিটিকে গতিশীল করতে প্রশিক্ষণ দানের ব্যবস্থা করতে হবে। - সিদ্ধান্তটি বাস্তবায়নের জন্য উপজেলা সাধারণ সভায় প্রকল্প আকারে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

প্রকল্প ০৪ বাল্য বিবাহ রোধ ও নারী নির্যাতন প্রতিরোধে ইউনিয়ন কমিটির প্রশিক্ষণঃ

মোট সদস্য সংখ্যা-১৪০ জন

প্রত্নাধিত ব্যয় ---আনুমানিক ২,৫০,০০০/(দুই লক্ষ পঞ্চাশ হাজার)

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভার সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ডুপালী সরকার
উপজেলা নির্বাহী অফিসার ও
সভাপতি
উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটি
, ঝিকরগাছা, যশোর।

স্মারক নং-৩২.০১.৪১২৩.০০০০.১৬.০১১.৯৮/

তারিখ: ২০২৪খ্রি:

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

- ১। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, যশোর।
- ২। উপজেলা নির্বাহী, ঝিকরগাছা, যশোর।
- ৪। উপজেলা.....কর্মকর্তা, ঝিকরগাছা, যশোর।
- ৫। চেয়ারম্যান/শ্যালে চেয়ারম্যান/প্রশাসক, (সকল).....ইউপি, ঝিকরগাছা, যশোর।
- ৭। অফিস কপি।


(অনিতা মলিক)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
ও সদস্য সচিব
উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটি
ঝিকরগাছা, যশোর।